GradeMax

Please check the examination details below before entering your candidate information

| Candidate surname | Other names |
| --- | --- |
| | |

Centre Number | Candidate Number

# Pearson Edexcel International GCSE (9–1)

**Time** 2 hours 30 minutes

**Paper reference** **4BA0/01**

# Bangla

## PAPER 1: Reading, Writing and Translation

**You do not need any other materials.**

Total Marks

## Instructions

- Use **black** ink or ball-point pen.
- **Fill in the boxes** at the top of this page with your name, centre number and candidate number.
- There are **three** sections you must answer:
  - Section A Questions 1–4
  - Section B Question 5 and **either** Question 6(a) **or** 6(b) **or** 6(c)
  - Section C Question 7.
- Answer the questions in the spaces provided – *there may be more space than you need.*
- You must **not** use a dictionary.

## Information

- The total mark for this paper is 100.
- The marks for **each** question are shown in brackets – *use this as a guide as to how much time to spend on each question.*

## Advice

- Read each question carefully before you start to answer it.
- Check your answers if you have time at the end.

*Turn over*

P66471A

©2022 Pearson Education Ltd.

E:1/1/1/1/1/1/

P 6 6 4 7 1 A 0 1 2 0

Pearson

GradeMax

**SECTION A: READING**

**Answer ALL questions.**

**Write your answers in the spaces provided.**

**Multiple-choice questions must be answered with a cross in a box ☒. If you change your mind about an answer, put a line through the box ☒ and then mark your new answer with a cross ☒. Open-response questions do not have to be written in full sentences and you may respond using single words or phrases.**

1 'ভিডিও গেম আর আমার বাবা' সম্বন্ধে নিচের লেখাটি পড়ো। শব্দ তালিকা থেকে প্রতিটি বাক্সে সঠিক শব্দের অক্ষরটি বসাও।

*ভিডিও গেম আর আমার বাবা*

আমরা তিনজন - রিয়াজ, নাদিম আর আমি। রিয়াজ আর নাদিম আমার ফুপাতো ভাই। বড়ো রাস্তা থেকে ভেতরে ঢাকার বহুতলবিশিষ্ট একটি ফ্ল্যাটে আমরা তিনজন এক যৌথ পরিবারে বেড়ে উঠেছি। স্কুলের সময় ছাড়া প্রায় সারাদিনই আমরা তিনজন খেলতাম আর হৈচৈ করে বেড়াতাম। তবে বায়না ধরে বড়োদের কাছ থেকে এটা-সেটা আদায় করা ছিলো আমার ফুপাতো ভাইদের অভ্যাস।

অফিসের কাজে ব্যস্ত থাকায় বাবা আমাদেরকে সঙ্গ দিতে পারতেন না। তবে হঠাৎ করেই এবার কয়েকদিনের ছুটি নিয়ে তিনি বাসায় ছিলেন। তাই এবারের আবদারটা বাবার ঘাড়েই এসে পড়লো। আমি ঘরের এক কোনায় দাঁড়িয়ে শুধু দেখছিলাম। তাদের একটাই কথা, ভিডিও গেম কিনে দিতে হবে। ব্যস্ততা থাকলেও বাবা অবশেষে রাজি হলেন।

আমাদের তিনজনকে নিয়ে আমার বাবা রওয়ানা হলেন নিউমার্কেট দিকে। রিয়াজ ও নাদিমকে তাদের পছন্দের দুটো ভিডিও গেম কিনে দিয়েই বাবা আমাকে বললেন, "তুমি কোনটা নেবে?" আমার চোখজোড়া খুশিতে ভিজে গেলো। না চাইতেই আমাকে কিছু কিনে দিতে বাবার আগ্রহে আমি রীতিমতো গর্ববোধ করলাম।

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

GradeMax

DO NOT WRITE IN THIS AREA

| | | | |
|---|---|---|---|
| **A** কাজিনদের | **B** বর্ধিত | **C** কিনলেন | **D** বয়স্কদের |
| **E** প্রকাশ | **F** ছোটো | **G** বন্ধুদের | **H** কলোনিতে |
| **I** ইচ্ছে | **J** পানি | **K** ক্লান্ত | **L** জিজ্ঞেস |
| **M** রাগ | | | |

| | | |
|---|---|---|
| **উদাহরণ:** | ঢাকার একটি ... আমি থাকতাম। | H |
| **1** (a) | আমি এক ... পরিবারে বড়ো হয়েছি। | |
| **1** (b) | স্কুলের পরে আমি ... সাথে খেলাধুলা করতাম। | |
| **1** (c) | আমার ফুফাতো ভাইরা ... জিনিস কিনে দিতে বলতো। | |
| **1** (d) | আমার বাবা কয়েকটা ভিডিও গেম ...। | |
| **1** (e) | বাবা আমার পছন্দ কী তাও ... করলেন। | |
| **1** (f) | খুশিতে আমার চোখে ... এসে গেলো। | |

**(Total for Question 1 = 6 marks)**

**2** ‘স্কুলের পোশাক’ সম্বন্ধে নিচে দেওয়া তিনজন তরুণ-তরুণীর মতামতগুলো পড়ো এবং সঠিক বাক্সে ☒ চিহ্ন দিয়ে সঠিক নাম/নামগুলোর সঙ্গে বাক্যগুলো মেলাও। কোনো কোনো ক্ষেত্রে বাক্যের সঙ্গে নামের মিল না-ও থাকতে পারে।

***স্কুলের পোশাক***

**মামুন**



রোজ স্কুলে পরার পোশাক আমার ঠিক করা থাকে বলে কাপড় বাছাইয়ের জন্য আমার সময় নষ্ট হয় না। সময়মতো স্কুলেও পৌঁছে যাই। তবে স্কুলের পোশাক ঠিকমতো না পরে গেলে রীতিমতো শাস্তি পেতে হয়। অনেক সময় কাপড় বদল করার জন্য বাড়িতেও ফেরত পাঠানো হয়। অনেকটা সময় ক্লাশরুমের বাইরে থাকার জন্য এসব ছেলেমেয়েদের লেখাপড়ায় ক্ষতি হয়।

**নীনা**



স্কুলের পোশাক পরতে আমার কোনো আপত্তি নেই। তবে স্কুলের পোশাকে নিজের পছন্দমতো ডিজাইন দেওয়া যায় না বলে আমার ভালো লাগে না। বিদেশ থেকে আমার মামা-খালারা আমার জন্য রঙ-বেরঙের দামী জামা-কাপড় নিয়ে আসেন, সেগুলো সহপাঠী বন্ধুদের পরে দেখিয়ে ডিজাইন নিয়ে গর্ববোধ করতে চাই। কিন্তু শাস্তির কথা ভেবে আর সাহস হয় না।

**রমি**



স্কুলের পোশাক কিনতে যে খরচ তার চাইতে সাধারণ কাপড়চোপড় কেনার খরচ অনেক বেশি। তাই স্কুলের নিয়ম পালন করার জন্য একই রঙের, একই ডিজাইনের পোশাক সব ছাত্রছাত্রীদের পরা আবশ্যক। তবে ওদের নিজ-নিজ অস্তিত্ব ও রুচিবোধের দিকে লক্ষ্য রেখে আমরা স্কুলে মাসে অন্তত একদিন যেমন খুশি সাজো/পরো দিবস পালন করি। খাবার ও পুরনো কাপড়চোপড় বিক্রি করি। এসব টাকা-পয়সা আমরা চ্যারিটিতে দান করি।

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

| | | মামুন | নীনা | রমি |
|---|---|---|---|---|
| **উদাহরণ:** | স্কুলের পোশাক আমার অপছন্দ নয়। | ☐ | ☒ | ☐ |
| **A** | ছাত্রছাত্রীরা স্কুলের পোশাক পরার নিয়ম অবশ্যই পালন করবে। | ☐ | ☐ | ☐ |
| **B** | রোজ সকালে আমাকে পোশাক বাছাই করতে হয় না। | ☐ | ☐ | ☐ |
| **C** | স্কুলের পোশাকের চাইতে অন্যান্য কাপড় কেনার খরচ বেশি। | ☐ | ☐ | ☐ |
| **D** | আমি বিদেশের তৈরী কাপড়চোপড় পরি। | ☐ | ☐ | ☐ |
| **E** | স্কুলের পোশাক না পরলে লেখাপড়ার সময় অপচয় হয়। | ☐ | ☐ | ☐ |
| **F** | শিক্ষার্থীদের নিজস্ব স্কুলের পোশাক ডিজাইনে জড়িত থাকা উচিত। | ☐ | ☐ | ☐ |
| **G** | স্কুলের পোশাক না পরার দিনগুলো চ্যারিটির জন্য অর্থ সংগ্রহের ভালো সুযোগ। | ☐ | ☐ | ☐ |

**(Total for Question 2 = 8 marks)**

**3** ‘চিত্রাঙ্কন প্রতিযোগিতা’ সম্বন্ধে নিচের নিবন্ধটি পড়ো। **বাংলায়** নম্বর অথবা শব্দ/শব্দমালা দিয়ে নোটগুলি পূরণ করো।

***চিত্রাঙ্কন প্রতিযোগিতা***

বাংলাদেশ আর্ট গ্যালারী নিয়মিতভাবে বিভিন্ন স্কুলে অঙ্কন প্রতিযোগিতার আয়োজন করে। এই জাতীয় প্রতিযোগিতার উদ্দেশ্য হলো এর মাধ্যমে তরুণরা তাদের সৃজনশীল মন ও কল্পনাশক্তিকে রঙ ও তুলির ছোঁয়ায় প্রকাশ করতে পারে।

গত বছর বাংলাদেশের বড়ো বড়ো শহরের স্কুলগুলোতে পরীক্ষামূলকভাবে একটি অঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। এসব স্কুলের প্রায় এক'শ ছাত্রছাত্রী এতে অংশ নিয়েছিলো। আয়োজকরা এই প্রতিযোগিতা থেকে সেরা বিশজন তরুণ চিত্রশিল্পীকে নির্বাচন করেছেন।

আয়োজকরা এই তরুণ চিত্রশিল্পীর দলকে নিয়ে আগামী জাতীয় অঙ্কন প্রতিযোগিতা প্রস্তুতির জন্য দেশের বড়ো বড়ো শহরের স্কুলগুলোতেও যাবে। এই দল তাদের নিজেদের কাজের এক প্রদর্শনী করবে এবং সর্বাধিক প্রতিভাবান শিক্ষার্থীদের জন্য প্রশিক্ষণের আয়োজন করবে। শিক্ষার্থীরা যেন অঙ্কনের মধ্য দিয়ে সৃজনশীলতা ছাড়াও বাঙালি সংস্কৃতির প্রতিফলন ঘটায় সেদিকেও দৃষ্টি দেওয়া হবে।

শিক্ষার্থীদের সেরা শিল্পকর্মগুলো বাংলাদেশের নামকরা প্রবীণ চারুশিল্পীরা বিচার করবেন। বিজয়ীদের মধ্যে প্রশংসাপত্র, জাতীয় পদক এবং এক লাখ করে টাকা দেওয়া হবে। তাছাড়া, বাংলা নববর্ষের প্রারম্ভে রাজধানী ঢাকার আর্ট কলেজে এসব তরুণ চিত্রশিল্পীদের চিত্রকর্মের একটি আড়ম্বরপূর্ণ প্রদর্শনী অনুষ্ঠিত হবে।

প্রতিযোগিতার সাফল্যের জন্য বাংলাদেশ বাণিজ্যিক ব্যাঙ্ক ঢাকা আর্ট গ্যালারীকে স্পনসর করেছে। স্কুলের ছাত্রছাত্রীদের জন্য আয়োজিত এধরনের প্রয়াস নতুন প্রজন্মের জন্য চারুকলায় দক্ষতালাভের পথ প্রশস্ত করবে।

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

**উদাহরণ:** জাতীয় আর্ট গ্যালারী আয়োজন করে: **অঙ্কন প্রতিযোগিতার**

(a) প্রতিযোগিতার লক্ষ্য: ........................................................ **(1)**

(b) প্রতিযোগীরা তাদের দক্ষতা দেখাবে: ........................................................ **(1)**

(c) প্রাথমিক প্রতিযোগিতায় জড়িত থাকবে: ........................................................ **(1)**

(d) বাছাই পদ্ধতিতে ছাত্রছাত্রীরা: ........................................................ **(1)**

(e) তরুণ চিত্রশিল্পীদের কাজ: ........................................................ আর ........................................................ **(2)**

(f) প্রতিযোগীরা এতে শিখবে: ........................................................ **(1)**

(g) সবচেয়ে ভালো চিত্রকর্ম বিচার করবেন: ........................................................ **(1)**

(h) বিজয়ীরা প্রশংসাপত্র ছাড়াও পাবে: ........................................................ আর ........................................................ **(2)**

(i) এতে আর্থিক সহায়তা দেবে: ........................................................ **(1)**

(j) বাঙলা সংস্কৃতিরও প্রসার ঘটাবে: ........................................................ **(1)**

**(Total for Question 3 = 12 marks)**

**4** (a) নিচে দেওয়া '*কলম থেকে ফলন*' গল্পের অংশবিশেষ পড়ো।

***কলম থেকে ফলন***

ছেলেবেলা থেকেই বই পড়া আর সিনেমা দেখা আমার পছন্দ ছিলো। তবে আমার ইচ্ছে ছিলো বড়ো হয়ে একজন নাবিক হওয়ার। বাবা চাইতেন আমি একজন প্রকৌশলী হবো। বড়ো ভাই চাইতেন আমি উকিল হবো। কিন্তু শেষপর্যন্ত হলাম একজন লেখক। তবে লিখতে পছন্দ করি কিশোরদের জন্য। এদের নিয়ে কেউ বিশেষ ভাবেন না।

লেখালেখির জন্য যেটা জরুরি তা হলো লেখককে প্রচুর বই পড়তে হবে। আর বিষয় বেছে নিতে হবে নিজের এবং অন্যের অভিজ্ঞতার আলোকে। প্রতিটি মানুষের জীবনই বিচিত্র ঘটনা ও অভিজ্ঞতায় ভরা থাকে। একজন সফল লেখকের লেখায় সেজন্য প্রকাশ পায় বৈচিত্র ও স্বাতন্ত্র।

আঠারো বছর বয়সে হঠাৎ করেই আমার জীবনের মোড় ঘুরে গেলো। পরীক্ষার পর গ্রামে নানার বাড়ি বেড়াতে গিয়েছিলাম। নানা তাঁর ফসলের জমি ঘুরে দেখালেন আর তাঁর পুকুরে চাষের মাছ খাওয়ালেন। তবে আক্ষেপও করলেন এই বলে যে, গ্রামের গরীব চাষীরা জীবিকার জন্য শহরে চলে যাচ্ছে। তাছাড়া উপযুক্ত প্রশিক্ষণ ও উন্নত চাষাবাসের অভাবে ফলনও বাড়ছে না। তাই স্থির করলাম আমি ও আমার বন্ধুরা মিলে গ্রামে ক্ষেত-খামার করবো। বৈজ্ঞানিক যন্ত্রপাতি দিয়ে চাষাবাদ এবং কৃষি-বিশেষজ্ঞদের সহায়তায় ফলন বাড়াবো। বাংলাদেশের প্রতিটা গ্রামে আধুনিক উপায়ে কৃষি-খামার করলে আর স্থানীয় লোকজনকে হাতে-কলমে কৃষিকাজ শেখালে ওরা কাজ পাবে, গ্রাম ছেড়ে যাবে না। এতে অদূর ভবিষ্যতে দেশের বেকারত্ব কিছুটা কমবে। আমার কলমের জোরে উদ্বুদ্ধ হবে নতুন প্রজন্ম যারা প্রযুক্তিকে কাজে লাগিয়ে ডিজিটাল বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাবে।

গল্পটিতে যে-সব তথ্য রয়েছে তা ব্যবহার করে **বাংলায়** প্রশ্নগুলোর উত্তর দাও। তোমার উত্তর সম্পূর্ণ বাক্যে লেখার প্রয়োজন নেই।

(i) লেখক প্রথমে কী হতে চেয়েছিলেন? পরে তিনি কী পেশা নিলেন?

**(2)**

....................................................................................................

....................................................................................................

(ii) লেখক বিশেষ করে কাদের জন্য লেখেন?

**(1)**

....................................................................................................

(iii) লেখা অনুযায়ী একজন সফল লেখক হতে হলে কী কী জরুরী? দুটি বিষয় লেখো।

**(2)**

....................................................................................................

....................................................................................................

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

(iv) কীসের জন্য লেখক তাঁর পেশা বদলালেন?

**(1)**

.......................................................................................................................................................

(v) সে সময় লেখক কী সিদ্ধান্ত নিয়েছিলেন? দুটি বিষয় লেখো।

**(2)**

.......................................................................................................................................................

.......................................................................................................................................................

(vi) লেখক কীভাবে তাঁর সিদ্ধান্ত **বৃহত্তর সমাজের** জন্য বাস্তবায়িত করতে চাইলেন? দুটি বিষয় লেখো।

**(2)**

.......................................................................................................................................................

.......................................................................................................................................................

GradeMax

**4** (b) 'কলম থেকে ফলন' বিষয়ে আলোচনাটি পড়ে **বাংলায়** প্রশ্নগুলোর উত্তর দাও।

দুইজন বন্ধু **'কলম থেকে ফলন'** লেখাটি আলোচনা করছে।

**জয়:** ''**কলম থেকে ফলন'** কথাটা আমাদের সবার জন্য সত্যিই প্রেরণামূলক ও গর্বের বিষয়। প্রথম পর্যায়ে লেখক তুলে ধরেছেন কীভাবে তিনি লেখক হলেন এবং একজন লেখকের সার্থকতা কোথায়। তবে বৈজ্ঞানিক উপায়ে গ্রামে গ্রামে তাঁর কৃষি-খামার গড়া ও ফসলের ফলন বাড়ানোর প্রকল্পে তাঁর কলমের জোরে সচেতন করেছেন দেশের তরুণ সমাজকে। আমাদের এই কৃষি-নির্ভর দেশে খামার গড়া আর জমির ফলন বাড়ানোর জন্য লেখকের এই সাহসী পরিকল্পনা ও উদ্যোগ খুবই প্রশংসনীয়। লেখক ভাগ্যক্রমে গ্রামে বসবাসরত নানার বাড়িতে বেড়াতে গিয়ে তাঁর মত পরিবর্তন করলেন। জীবন গড়ার এক উজ্জ্বল শপথ নিলেন। লেখকের লেখায় ও তথ্য প্রযুক্তির মাধ্যমে নতুন প্রজন্মকে বেকারত্ব ঘুচাতেও উদ্বুদ্ধ করবে। গ্রামের লোকজন যখন জীবিকার সন্ধানে শহর অভিমূখে চলে যাচ্ছিলো তখন লেখকের প্রযুক্তিনির্ভর কৃষি-খামার গড়া ও ফসলের ফলন বাড়ানোর এই উদ্যোগ লোকজনকে গ্রামে ফিরে গিয়ে খামারের কাজ করায় উৎসাহিত করেছে। বৈজ্ঞানিক উপায়ে জমির ফলন বাড়িয়ে ও চাষ করে এসব লোকজন ভালোভাবে জীবিকা নির্বাহ করতে পারবে, এমনকি কেউকেউ আর্থিকভাবে স্বনির্ভরও হতে পারবে।''

**সুমনা:** ''তুমি ঠিকই বলেছো। তবে আমি বিষয়টাকে একটু অন্যভাবে দেখছি। আমি মনে করি, ডিজিটাল বাংলাদেশকে এগিয়ে নেওয়ার জন্য গ্রামে গ্রামে শুধু প্রযুক্তি নির্ভর কৃষি-খামার গড়ে তোলাই যথেষ্ট নয়। লোকজনকে শুধু বৈজ্ঞানিক উপায়ে চাষাবাদের প্রশিক্ষন দিলেই চলবে না। গ্রামের লোকজনকে শিক্ষিত করে তুলতে হবে যাতে কাজের ভালো-মন্দ তারা বুঝতে পারে। এ ব্যাপারে কৃষি বিভাগ ও কৃষি বিশেষজ্ঞদের বিশেষ ভূমিকা থাকতে হবে। মাঠের ফসল ওঠানো থেকে পণ্য বাজারজাতকরণ পর্যন্ত যোগাযোগ ব্যবস্থা থাকতে হবে যাতে চাষীরা সময়মতো তাদের ফলনের সঠিক মজুরী পেতে পারে। খেয়ে-পরে সুস্থভাবে জীবন কাটাতে পারে। দারিদ্র ও পরনির্ভরশীলতা দূর হলে হয়তো বা বাংলাদেশ আরও উন্নতির দিকে এগিয়ে যাবে।''

(i) নিচের বিষয়গুলোর ওপর প্রথম বন্ধুর মন্তব্য সংক্ষেপে লেখো:

- কৃষি উন্নয়নে প্রযুক্তির ভূমিকা **(1)**
- লোকজনের জীবনে অর্থনৈতিক ভূমিকা **(1)**

.......................................................................................................................................

.......................................................................................................................................

(ii) নিচের বিষয়গুলোর ওপর দ্বিতীয় বন্ধুর মন্তব্য সংক্ষেপে লেখো:

- গ্রামের লোকজনের আসল প্রয়োজন **(1)**
- কৃষকদের জীবন উন্নয়নের উপায় **(1)**

.......................................................................................................................................

.......................................................................................................................................

**(Total for Question 4 = 14 marks)**

**TOTAL FOR SECTION A = 40 MARKS**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

## SECTION B: WRITING

Answer Question 5 and **either** Question 6(a) **or** 6(b) **or** 6(c).

**Write your answers in the spaces provided.**

**5**

***ছুটি***

গতো গরমের ছুটি

সবচেয়ে উৎসাহজনক স্মৃতি

আগামী ছুটির পরিকল্পনা

ছুটির গুরুত্ব

***ছুটি*** সম্বন্ধে **বাংলায়** প্রায় ৮০ শব্দের মধ্যে একটি অনুচ্ছেদ লেখো। তোমার লেখায় উপরে দেওয়া চারটি বিষয় অবশ্যই উল্লেখ করবে।

........................................................................................................................................................

........................................................................................................................................................

........................................................................................................................................................

........................................................................................................................................................

........................................................................................................................................................

........................................................................................................................................................

........................................................................................................................................................

........................................................................................................................................................

........................................................................................................................................................

........................................................................................................................................................

........................................................................................................................................................

........................................................................................................................................................

........................................................................................................................................................

GradeMax

**(Total for Question 5 = 14 marks)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

**6** **নিচের** তিনটি কাজ থেকে যেকোনো একটি কাজ বেছে নিয়ে তার ওপর **বাংলায়** প্রায় ১৪০ শব্দের মধ্যে লেখো।

(a) **কাজ ১**

বাংলাদেশের বড়ো বড়ো শহরের স্থানীয় লোকজনের জীবনযাত্রা শহরের পরিবেশকে কীভাবে প্রভাবিত করে তার ওপর বাংলা পত্রিকার জন্য একটি নিবন্ধ লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- বাড়িঘরের সাম্প্রতিক পরিবর্তন
- এতে পরিবেশের ক্ষতি
- পরিবেশকে রক্ষা করার সম্ভাব্য উপায়

**(26)**

(b) **কাজ ২**

> হ্যালো মিতা,
>
> আসছে রবিবার আমার জন্মদিন। ঐদিন আমার বয়স ষোলো হবে। তাই ভাবছি বন্ধুরা মিলে বেশ হৈচৈ করবো। তুমি যদি আসো এবং আমার আনন্দে সামিল হও, তাহলে ভীষণ খুশি হবো। এমনকি তোমার বিশেষ কোনো পরিকল্পনা থাকলে তাও লিখে জানিও।
>
> রোহিত

জন্মদিনের নিমন্ত্রণ করে রোহিত যে টেক্সটটি পাঠিয়েছে এর জবাবে তুমি তাকে একটি ই-মেইল লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- তোমার গতো জন্মদিনের বিবরণ
- সারাদিনের পরিকল্পনা
- এই আয়োজনে তুমি কীভাবে সাহায্য করতে চাও

**(26)**

(c) **কাজ ৩**

'স্কুলের ছাত্রছাত্রীদের জন্য হোমওয়ার্ক' - এই সম্বন্ধে তুমি একটি ব্লগ লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- লেখাপড়ায় হোমওয়ার্কের গুরুত্ব
- তোমার গতবারের পরীক্ষা এবং হোমওয়ার্ক ক্লাব
- ছাত্রছাত্রীদের ওপর অত্যধিক হোমওয়ার্কের প্রভাব

**(26)**

**Indicate which question you are answering by marking a cross ☒ . If you change your mind, put a line through the box ☒ and then indicate your new question with a cross ☒ .**

☒ **Question 6(a)** ☒ **Question 6(b)** ☒ **Question 6(c)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

GradeMax

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

**(Total for Question 6 = 26 marks)**

**TOTAL FOR SECTION B = 40 MARKS**

GradeMax

**SECTION C: TRANSLATION INTO BANGLA**

**Write your answer in the space provided.**

7 নিচের লেখাটি **বাংলায়** অনুবাদ করো।

Bangladesh Youth Parliament is a strong media for young people to express innovative ideas. It facilitates leadership skills and increasing awareness on issues of local, national, and global importance amongst young people. It also enables young people to raise their voices against any decision of the Government.

The Youth Parliament members recently held fruitful discussions on topics such as the protection of Sundarbans and the urban developments. This Parliament also demanded a fair national election to the Government as well as facilitating job opportunities for the youngsters.

**(20)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

GradeMax

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**(Total for Question 7 = 20 marks)**

**TOTAL FOR SECTION C = 20 MARKS**
**TOTAL FOR PAPER = 100 MARKS**

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

**BLANK PAGE**

GradeMax
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**BLANK PAGE**

DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA

**BLANK PAGE**

**Source information**

**Question 2**
© Intellistudies/Getty Images